

প্রেস রিলিজ

০৯ ফেব্রুয়ারি ২০২৫

শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চার বিকল্প নাই - বাউবি উপাচার্য

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরি স্কুলের আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ উপলক্ষে আজ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রবিবার বেলা ২:০০ টায় “পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান” অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, “আজকের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই অনুষ্ঠানের মূল আকর্ষণ। প্রতিযোগিতায় কেউ হারবে কেউ জিতবে এটাই স্বাভাবিক। ক্রীড়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করেছে তাদেরকে অভিনন্দন, যারা হেরেছে তাদেরকেও অভিনন্দন এবং যারা জিতেছে তাদের জন্য অনেক অনেক অভিনন্দন। যারা হেরেছে তারা আগামিতে জিততে হবে এ মনোবল নিয়ে খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা অব্যাহত রাখতে হবে। শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চার কোন বিকল্প নাই”। জুলাই-আগস্টের বিপ্লবে যারা শহিদ হয়েছেন তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য আরো বলেন, ‘ছাত্র জনতার আন্দোলনের বিজয় হিসেবে আমরা নব স্বাধীনতা পেয়েছি। যার ফলে আমরা বাকস্বাধীনতা ফিরে পেয়েছি এবং ফ্যাসিস্ট মুক্ত পরিবেশে এত সুন্দর অনুষ্ঠানের আয়োজন করতে পেরেছি। আবু সাঈদ ও মীর মুক্‌সহ অগণিত শহিদদের কথা ভুলে গেলে চলবে না। তাঁদের মহান আত্মত্যাগের অনুপ্রেরণা নিয়ে আমাদের ছাত্র-ছাত্রীদেরকে আগামীর উন্নত ও সকলের জন্য বসবাসযোগ্য সুন্দর বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে যেতে হবে’।

এর আগে সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস উপাচার্যের পক্ষে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ এর শুভ উদ্বোধন করেন। প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস ও ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক মোঃ সামসুল হক খান। স্বাগত বক্তব্য রাখেন, অনুষ্ঠানের সভাপতি ড. মোঃ সিরাজুল ইসলাম। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ল্যাবরেটরি স্কুলের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ও ল্যাবরেটরি স্কুলের শিক্ষকগণ উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে উপাচার্য বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

মোঃ খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

তথ্য ও গণসংযোগ বিভাগ